



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd



নং- ৫৭.১৬.০০০০.০০১৪.৩২.১৪৮.১০- ০২

তারিখ: ২৭ চৈত্র, ১৪৩০
৩১ মার্চ, ২০২৪


অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ০১/০১/২০২৪ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৫৬.৪৭.০০১.২২-২ সংখ্যক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদি সরকার বহন করবে না, উক্ত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদ্রাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেওয়ার পরিপ্রেক্ষিতে সিলেট জেলার কানাইঘাট উপজেলাধীন বড়দেশ বাজার ডাকঘরের অন্তর্গত শাহজালাল সান্তোরিয়া ইসলামিয়া দাখিল স্কুলের মাদ্রাসাকে নিম্নবর্ণিত শর্তে ০১/০১/২০২৪ হতে ৩১/১২/২০২৮ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। মাদ্রাসার কোড: 20812, EIIN: 135515.

পালনীয় শর্তাবলী:

১. এনটিআরসিএ কর্তৃক শূণ্য পদে শিক্ষক নিয়োগ করতে হবে।
২. স্বীকৃতি প্রাপ্তির পর স্বীকৃতি সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে তাৎক্ষণিক মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
৩. প্রত্যেক শ্রেণিতে ছাত্র/ছাত্রী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৪. দাখিল চূড়ান্ত পরীক্ষার ফলাফল, গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৫. ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৬. জনবল কাঠামোর নীতিমালা অনুযায়ী শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী নিয়োগ করতে হবে।
৭. মাদ্রাসার ক্যাম্পাসে ২৫০/৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
৮. পাঠাগারে অন্যান্য ২০০০ খানা বই থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


৩১.০৩.২০২৪
(প্রফেসর মুহাম্মদ শাহ আলমগীর)
মাদ্রাসা পরিদর্শক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১০২০০


সুপার
শাহজালাল সান্তোরিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: বড়দেশ বাজার, উপজেলা: কানাইঘাট, জেলা: সিলেট।

নং- ৫৭.১৬.০০০০.০০১৪.৩২.১৪৮.১০- ০২

তারিখ: ২৭ চৈত্র, ১৪৩০
৩১ মার্চ, ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল
৬. জেলা প্রশাসক, সিলেট।
৭. জেলা শিক্ষা অফিসার, সিলেট।
৮. অফিস কপি।


৩১/০৩/২০২৪
(মোহাম্মদ আবুল কাশেম সরদার)
উপ-পরিদর্শক (২)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৯৬১১৫১৬